



Media Monitoring Report

Thursday, June 19, 2025

A creation of PR & Communications Department

এফবিসিসিআইয়ের সভাপতি, সহসভাপতি ও পরিচালক পদে ভোট গ্রহণ ৭ সেপ্টেম্বর

দেশের ব্যবসায়ী-শিল্পপতিদের শীর্ষ সংগঠন দ্য ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) সভাপতি, সহসভাপতি ও পরিচালক পদে এবার সরাসরি ভোট হবে। আগামী ৭ সেপ্টেম্বর ফেডারেশনের সাধারণ পরিষদের সদস্যরা ভোট দিয়ে ১জন করে সভাপতি ও জ্যেষ্ঠ সহসভাপতি; ২ জন সহসভাপতি এবং ৩০ জন পরিচালক নির্বাচন করবেন।

এফবিসিসিআইয়ের নির্বাচন বোর্ড আজ বুধবার সংগঠনটির ২০২৫-২৭ সাল মেয়াদ পরিচালনা পর্ষদ নির্বাচনের তফসিল প্রকাশ করেছে। এতে বলা হয়, ২ জুলাইয়ের মধ্যে ফেডারেশনের সদস্যভুক্ত সব চেম্বার ও অ্যাসোসিয়েশনকে এফবিসিসিআইয়ের সাধারণ পরিষদের জন্য মনোনীত প্রতিনিধিদের তালিকা পাঠাতে হবে।

গত ৩ জুন বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (আইআইটি) মো. আবদুর রাজ্জাককে প্রধান করে এফবিসিসিআইয়ের তিন সদস্যের নির্বাচন বোর্ড গঠন করা হয়। নির্বাচন আপিল বোর্ডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন অতিরিক্ত সচিব (রপ্তানি) মো. আবদুর রহিম খান।

নির্বাচনী তফসিলে বলা হয়েছে, বাণিজ্য সংগঠন আইন ২০২২ ও বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ অনুসরণ করে এফবিসিসিআইয়ের পরিচালনা পর্ষদের আকার ৮০ থেকে ৪৬ জনে নামিয়ে আনা হয়েছে। এই পর্ষদে একজন সভাপতি, একজন জ্যেষ্ঠ সহসভাপতি ও দুজন সহসভাপতি থাকবেন। গত নির্বাচন পর্যন্ত পর্ষদে সভাপতি ও জ্যেষ্ঠ সহসভাপতির সঙ্গে ছয়জন সহসভাপতি দায়িত্ব পালন করেছেন।

নির্বাচনী তফসিল অনুযায়ী, ২০২৫-২৭ সাল মেয়াদে ৪৬ জনের পর্ষদে একজন সভাপতি, একজন জ্যেষ্ঠ সহসভাপতি ও দুজন সহসভাপতির বাইরে ৪২ জন পরিচালক থাকবেন। তাঁদের মধ্যে পণ্যভিত্তিক বাণিজ্য সংগঠন বা অ্যাসোসিয়েশন ও চেম্বার গুপ থেকে ১৫ জন করে ৩০ জন সরাসরি ভোটে নির্বাচিত হবেন। বাকি ১২ জন হবেন মনোনীত পরিচালক। তাঁদের মধ্যে অ্যাসোসিয়েশন ও চেম্বার থেকে ৫ জন করে ১০ জন এবং নারী চেম্বার ও অ্যাসোসিয়েশন থেকে ১ জন করে ২ জন আসবেন পর্ষদে।

সভাপতি পদের মনোনয়ন ফি ১২ লাখ টাকা

এফবিসিসিআইয়ের সভাপতি পদে ভোটে অংশগ্রহণ করতে হলে একজন ব্যবসায়ীকে শুধু মনোনয়ন ফি বাবদ ১২ লাখ টাকা খরচ করতে হবে। জ্যেষ্ঠ সহসভাপতি পদের বিপরীতে ১০ লাখ এবং সহসভাপতি পদের জন্য ৯ লাখ টাকা মনোনয়ন ফি দিতে হবে। আর পরিচালক পদের মনোনয়ন ফি ২ লাখ টাকা।

এদিকে এফবিসিসিআইয়ের সাধারণ পরিষদের সদস্যদের প্রতি এককালীন দ্বিবার্ষিক নিবন্ধন ফি ২০ হাজার টাকা। ‘ক’ শ্রেণিভুক্ত অ্যাসোসিয়েশন থেকে ৫ জন এবং ‘খ’ শ্রেণিভুক্ত অ্যাসোসিয়েশন থেকে ৩ জন সাধারণ পরিষদের সদস্য হবেন। অন্যদিকে ‘ক’ শ্রেণিভুক্ত চেম্বার থেকে ৬ জন এবং ‘খ’ শ্রেণিভুক্ত অ্যাসোসিয়েশন থেকে ৪ জন সাধারণ পরিষদের সদস্য হবেন।

কারা নির্বাচন করতে পারবেন

এখন থেকে এফবিসিসিআইর নির্বাহী কমিটি বা পর্ষদে টানা সর্বোচ্চ দুবার থাকা যাবে। তবে একবার বিরতি দিয়ে আবার নির্বাচন করা যাবে। এই নিয়ম ভবিষ্যতের পাশাপাশি বিগত সময়ের জন্যও প্রযোজ্য হবে। বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫-এ থাকা এই উপবিধির বিষয়টি এফবিসিসিআইয়ের নির্বাচনের তফসিলে রাখা হয়েছে। সে জন্য গত দুই পর্ষদে যারা ছিলেন, তাঁরা এবারের নির্বাচনে অংশ নিতে পারবেন না।

তফসিলে বলা হয়েছে, ঋণখেলাপি, করখেলাপি ও ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হয়ে কারাদণ্ডে দণ্ডিত হলে এবং মুক্তিলাভের পর পাঁচ বছর অতিবাহিত না হলে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা যাবে না। নির্বাচনে অ্যাসোসিয়েশন ও চেম্বার গুপের একেকজন ভোটার ১৯টি (সভাপতি, জ্যেষ্ঠ সহসভাপতি ও দুজন সহসভাপতি এবং ১৫ জন পরিচালক) করে ভোট দেবেন।

গত বছরের ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে রাজনৈতিক পটপরিবর্তনের পর এফবিসিসিআইয়ের পরিচালনা পর্ষদের পদত্যাগের দাবিতে সোচ্চার হন সদস্যদের একাংশ। তারই পরিপ্রেক্ষিতে সভাপতি পদ থেকে মাহবুবুল আলম পদত্যাগ করেন। পরে ১১ সেপ্টেম্বর এফবিসিসিআইয়ের পর্ষদ বাতিল করে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সদস্য মো. হাফিজুর রহমানকে প্রশাসক হিসেবে নিয়োগ দেয় বাণিজ্য মন্ত্রণালয়।



এফবিসিসিআইর পর্যদ নির্বাচন ৭ সেপ্টেম্বর

■ সমকাল প্রতিবেদক

দেশের শীর্ষ বাণিজ্য সংগঠন দ্য ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) পরিচালনা পর্যদ নির্বাচন আগামী ৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। ভোটারদের অংশগ্রহণের মাধ্যমে এফবিসিসিআইর ২০২৫-২৬ এবং ২০২৬-২৭ মেয়াদের জন্য সভাপতি, সিনিয়র সহসভাপতি, সহসভাপতি এবং পরিচালক নির্বাচিত হবে। গতকাল বুধবার নির্বাচনের তপশিল ঘোষণা করেছে এফবিসিসিআই নির্বাচন বোর্ড। এফবিসিসিআইর এক সংবাদ বিজ্ঞপ্তিতে যা জানানো হয়।

এতে বলা হয়, বাণিজ্য সংগঠন আইন-২০২২ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ অনুসরণ করে এফবিসিসিআইর পরিচালনা পর্যদ নির্বাচন হবে। বিধিমালায় এফবিসিসিআইর পরিচালনা পর্যদের আকার ৮০ থেকে কমিয়ে ৪৬ জনে নামিয়ে আনা হয়েছে। এদের মধ্যে একজন সভাপতি, একজন সিনিয়র সহসভাপতি এবং দু'জন সহসভাপতি থাকবেন।

নির্বাচনী তপশিল অনুযায়ী আগামী ২ জুলাই বিকেল ৫টার মধ্যে সদস্যভুক্ত সব চেম্বার ও অ্যাসোসিয়েশনকে এফবিসিসিআইর সাধারণ পরিষদের জন্য মনোনীত প্রতিনিধিদের তালিকা পাঠাতে হবে। আগামী ১৮ জুলাই প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হবে। আর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ২৬ জুলাই।

সভাপতি, সিনিয়র সহসভাপতি, সহসভাপতি ও পরিচালক পদের জন্য প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ করা হবে আগামী ৮ আগস্ট। তথ্য যাচাই-বাছাই ও বিশ্লেষণ শেষে ১৪ আগস্ট নির্বাচন বোর্ড এসব পদের প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করবে। কোনো প্রার্থী নিজের প্রার্থিতা প্রত্যাহার করতে চাইলে ১৬ আগস্ট বেলা ২টার মধ্যে এ বিষয়ে নির্বাচন বোর্ডকে অবহিত করতে হবে। ওই দিনই পরিচালনা পর্যদ নির্বাচনের জন্য প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ করবে নির্বাচন বোর্ড।

এফবিসিসিআই পরিচালনা পর্ষদের নির্বাচন ৭ সেপ্টেম্বর

নিজস্ব প্রতিবেদক ■

দেশের শীর্ষ বাণিজ্য সংগঠন দ্য ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) পরিচালনা পর্ষদের নির্বাচন ৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। এদিন সংগঠনের ২০২৫-২৬ ও ২০২৬-২৭ মেয়াদের জন্য সভাপতি, জ্যেষ্ঠ সহসভাপতি, সহসভাপতি ও পরিচালক নির্বাচন করবেন ভোটাররা। এফবিসিসিআই নির্বাচন বোর্ড গতকাল পরিচালনা পর্ষদের ভোটের তফসিল ঘোষণা করেছে।

বাণিজ্য সংগঠন আইন ২০২২ ও বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ অনুসরণ করে এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। এ বিধিমালায় পর্ষদের আকার ৮০ থেকে কমিয়ে ৪৬ জনে নামিয়ে আনা হয়েছে। এর মধ্যে একজন সভাপতি, একজন জ্যেষ্ঠ সহসভাপতি, দুজন সহসভাপতি হিসেবে থাকবেন।

নির্বাচনী তফসিল অনুযায়ী, ২ জুলাই বিকাল ৫টার মধ্যে সদস্যভুক্ত সব চেম্বার ও অ্যাসোসিয়েশনকে এফবিসিসিআইয়ের সাধারণ পরিষদের জন্য মনোনীত প্রতিনিধিদের তালিকা পাঠাতে হবে। ১৮ জুলাই প্রাথমিক ও ২৬ জুলাই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

অন্যদিকে সভাপতি, জ্যেষ্ঠ সহসভাপতি, সহসভাপতি ও পরিচালক পদের প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ করা হবে ৮ আগস্ট। পরবর্তী সময়ে তথ্য যাচাই, বাছাই ও বিশ্লেষণ শেষে ১৪ আগস্ট নির্বাচন বোর্ড প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করবে।

কেউ নিজের প্রার্থিতা প্রত্যাহার করতে চাইলে ১৬ আগস্ট দুপুর ২টার মধ্যে এ বিষয়ে নির্বাচন বোর্ডকে অবহিত করতে হবে। ওইদিনই এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচনের জন্য প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ করবে নির্বাচন বোর্ড।

এফবিসিসিআই নির্বাচন ৭ সেপ্টেম্বর (৩য় পৃষ্ঠার পর)

জুলাই নির্বাচনের প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ২৬ জুলাই। সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালক পদের জন্য প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ করা হবে ৮ আগস্ট। তথ্য যাচাই, বাছাই ও বিশ্লেষণ শেষে ১৪ আগস্ট নির্বাচন বোর্ড এসব পদের প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করবে। প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন ১৬ আগস্ট। ওইদিনই এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচনের জন্য প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ করবে নির্বাচন বোর্ড।

উল্লেখ্য, বাণিজ্য সংগঠন আইন ২০২২ এবং সর্বশেষ প্রণীত বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ অনুসরণ করে এফবিসিসিআই'র পরিচালনা পর্ষদ নির্বাচন পরিচালিত হবে। নতুন বিধিমালায় এফবিসিসিআই'র পরিচালনা পর্ষদের আকার ৮০ থেকে কমিয়ে ৪৬ জনে নামিয়ে আনা হয়েছে। এদের মধ্যে একজন সভাপতি, একজন সিনিয়র সহ-সভাপতি, দুজন সহ-সভাপতি থাকবেন।

গত ৫ আগস্ট ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের পর স্বাস্থ্যগত কারণ দেখিয়ে পদত্যাগ করেন এফবিসিসিআই'র তৎকালীন সভাপতি মাহবুবুল আলম। এরপর ১১ সেপ্টেম্বর প্রতিযোগিতা কমিশনের সদস্য হাফিজুর রহমানকে প্রশাসক নিয়োগ দেয় বাণিজ্য মন্ত্রণালয়। গত ৩ জুন বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (আইআইটি) আব্দুর রাজ্জাককে চেয়ারম্যান করে নির্বাচন বোর্ড গঠন করা হয়। বোর্ডের অপর দুই সদস্য হলেন—যুগ্মসচিব মুর্শেদা জামান এবং যুগ্মসচিব মুস্তাফিজুর রহমান। অন্যদিকে নির্বাচন আপিল বোর্ডের চেয়ারম্যান করা হয়েছে অতিরিক্ত সচিব (রপ্তানি) আব্দুর রহিম খানকে। অন্য দুই সদস্য হলেন যুগ্মসচিব তানভীর আহমেদ এবং উপসচিব ড. রাজ্জাকুল ইসলাম।

এফবিসিসিআই নির্বাচন ৭ সেপ্টেম্বর

যুগান্তর প্রতিবেদন

আগামী ৭ সেপ্টেম্বর ২০২৫-২৭ মেয়াদে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই'র (দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি) নির্বাচন অনুষ্ঠিত হবে। বুধবার নির্বাচনের তফশিল ঘোষণা করেছে এফবিসিসিআই নির্বাচন বোর্ড।

নির্বাচনি তফশিল অনুযায়ী, আগামী ২ জুলাই বিকাল ৫টার মধ্যে সদস্যভুক্ত সব চেম্বার ও অ্যাসোসিয়েশনকে এফবিসিসিআই'র সাধারণ পরিষদের জন্য মনোনীত প্রতিনিধিদের তালিকা পাঠাতে হবে। এর পরিপ্রেক্ষিতে ১৮

■ পৃষ্ঠা ১৩ : কলাম ৪

সংক্ষিপ্ত

এফবিসিসিআইয়ের
নির্বাচন ৭ সেপ্টেম্বর

নিজস্ব প্রতিবেদক ▷

দেশের শীর্ষ বাণিজ্য সংগঠন দ্য ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) পরিচালনা পর্যদ নির্বাচন আগামী ৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। এদিন সব ভোটারের অংশগ্রহণের মাধ্যমে এফবিসিসিআইয়ের ২০২৫-২৬ ও ২০২৬-২৭ মেয়াদের জন্য সভাপতি, সিনিয়র সহসভাপতি, সহসভাপতি এবং পরিচালক নির্বাচিত হবেন। গতকাল বুধবার এফবিসিসিআই পরিচালনা পর্যদ নির্বাচন (২০২৫-২৬ ও ২০২৬-২৭)-এর তফসিল প্রকাশ করেছে এফবিসিসিআই নির্বাচন বোর্ড। বাণিজ্য সংগঠন আইন-২০২২ এবং সর্বশেষ প্রণীত বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ অনুসরণ করে এফবিসিসিআইয়ের পরিচালনা পর্যদ নির্বাচন পরিচালিত হবে। ওই বিধিমালায় এফবিসিসিআইয়ের পরিচালনা পর্যদের আকার ৮০ থেকে কমিয়ে ৪৬ জনে নামিয়ে আনা হয়েছে।

এফবিসিসিআই পরিচালনা পর্ষদের নির্বাচনের তারিখ ঘোষণা

দেশের শীর্ষ বাণিজ্য সংগঠন দ্য ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) পরিচালনা পর্ষদ নির্বাচন আগামী ৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। এদিন সকল ভোটারের অংশগ্রহণের মাধ্যমে এফবিসিসিআইর ২০২৫-২৬ ও ২০২৬-২৭ মেয়াদের জন্য সভাপতি, সিনিয়র সহসভাপতি, সহসভাপতি এবং পরিচালক নির্বাচিত হবে।

বুধবার (১৮ জুন) এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচনের (২০২৫-২৬ ও ২০২৬-২৭) তপশিল প্রকাশ করেছে এফবিসিসিআই নির্বাচন বোর্ড।

বাণিজ্য সংগঠন আইন ২০২২ এবং সর্বশেষ প্রণীত বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ অনুসরণ করে এফবিসিসিআইর পরিচালনা পর্ষদ নির্বাচন পরিচালিত হবে। ওই বিধিমালায় এফবিসিসিআই-এর পরিচালনা পর্ষদের আকার ৮০ থেকে কমিয়ে ৪৬ জনে নামিয়ে আনা হয়েছে। এদের মধ্যে একজন সভাপতি, একজন সিনিয়র সহসভাপতি, দুজন সহসভাপতি থাকবেন।

নির্বাচনী তপশিল অনুযায়ী, আগামী ২ জুলাই বিকেল ৫টার মধ্যে সদস্যভুক্ত সকল চেম্বার ও অ্যাসোসিয়েশনকে এফবিসিসিআইর সাধারণ পরিষদের জন্য মনোনীত প্রতিনিধিদের তালিকা প্রেরণ করতে হবে। ১৮ জুলাই এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচনের প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হবে। আর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ২৬ জুলাই।

সভাপতি, সিনিয়র সহসভাপতি, সহসভাপতি ও পরিচালক পদের জন্য প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ করা হবে ৮ আগস্ট। তথ্য যাচাইবাছাই ও বিশ্লেষণ শেষে ১৪ আগস্ট নির্বাচন বোর্ড এসব পদের প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করবে।

কোন প্রার্থী নিজের প্রার্থিতা প্রত্যাহার করতে চাইলে ১৬ আগস্ট দুপুর ২টার মধ্যে এ বিষয়ে নির্বাচন বোর্ডকে অবহিত করতে হবে। ওই দিনই এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচনের জন্য প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ করবে নির্বাচন বোর্ড।

bdnews24.com

এফবিসিসিআই পরিচালনা পর্ষদের নির্বাচন ৭ সেপ্টেম্বর

নতুন বিধিমালায় পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা ৮০ থেকে কমিয়ে ৪৬-এ নামিয়ে আনা হয়েছে।

ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)-এর নতুন নেতৃত্ব বেছে নিতে ভোট হবে ৭ সেপ্টেম্বর।

বুধবার এফবিসিসিআই নির্বাচন বোর্ড এক বিজ্ঞপ্তিতে ২০২৫-২৭ মেয়াদের পরিচালনা পর্ষদ নির্বাচনের তফসিল ঘোষণা করেছে।

এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচন হবে নতুন বিধিমালা অনুযায়ী, তাতে পরিচালনা পর্ষদের আকার কমে ৪৬ জনে আসবে।

ঘোষিত তফসিল অনুযায়ী, এফবিসিসিআই-এর সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালক পদে নির্বাচন হবে।

বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এবং সর্বশেষ প্রণীত বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ অনুসরণ করে এফবিসিসিআই এর পরিচালনা পর্ষদ নির্বাচন হবে। নতুন বিধিমালায় পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা ৮০ থেকে কমিয়ে ৪৬-এ নামিয়ে আনা হয়েছে। এই ৪৬ সদস্যের মধ্যে থাকবেন একজন সভাপতি, একজন সিনিয়র সহ-সভাপতি ও দুইজন সহ-সভাপতি, যারা পরে নির্বাচিত পরিচালকদের ভোটে নির্বাচিত হবেন।

নির্বাচনী তফসিল অনুযায়ী, ২ জুলাই বিকেল ৫টার মধ্যে সদস্যভুক্ত সকল চেম্বার ও অ্যাসোসিয়েশনকে সাধারণ পরিষদের জন্য মনোনীত প্রতিনিধিদের তালিকা এফবিসিসিআই এ পাঠাতে হবে। ১৮ জুলাই প্রকাশিত হবে পরিচালনা পর্ষদ নির্বাচনের প্রাথমিক ভোটার তালিকা এবং ২৬ জুলাই প্রকাশ করা হবে চূড়ান্ত ভোটার তালিকা।

সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালক পদের প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ করা হবে ৮ আগস্ট। তথ্য যাচাই-বাছাই শেষে ১৪ আগস্ট নির্বাচন বোর্ড চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করবে।

কোনো প্রার্থী যদি নিজের প্রার্থিতা প্রত্যাহার করতে চান, তাহলে তাকে ১৬ আগস্ট দুপুর ২টার মধ্যে নির্বাচন বোর্ডকে লিখিতভাবে জানাতে হবে এবং সে দিনই প্রকাশিত হবে চূড়ান্ত প্রার্থী তালিকা।

বৈষম্যবিরোধী ছাত্র-জনতার অভ্যুত্থানে গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকার পতনের পর পরিবর্তনের হাওয়ায় ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই সভাপতি মাহবুবুল আলমও পদত্যাগ করেন।

গত বছরের ১১ সেপ্টেম্বর সংগঠনটির পর্ষদ ভেঙে দিয়ে পরবর্তী কার্যক্রম পরিচালনা ও নির্বাচনের আগ পর্যন্ত দায়িত্ব পালনের জন্য প্রশাসক বসায় সরকার।

প্রশাসক হিসেবে দায়িত্ব দেওয়া হয় সাবেক অতিরিক্ত সচিব ও বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সদস্য হাফিজুর রহমান।

২০২৩ সালের ২ আগস্ট এফবিসিসিআই পরিচালনা পর্ষদের সভাপতি নির্বাচিত হন চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের প্রতিনিধি মাহবুবুল আলম। দায়িত্ব নেওয়ার এক বছরের মাথায় তাকে সরে যেতে হয়।

চিকিৎসার জন্য সিজাপুরে থাকা মাহবুবুল আলম ই-মেইলে বাণিজ্য মন্ত্রণালয়ে পদত্যাগপত্র পাঠিয়েছেন বলে সেসময় এফবিসিসিআই এর আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রধান জাফর ইকবাল জানিয়েছিলেন।

ই-মেইলে পাঠানো পদত্যাগপত্রে ‘অসুস্থতাজনিত কারণে’ ইস্তফা দেওয়ার কথা বলেছেন মাহবুবুল আলম। তিনি পদত্যাগের পর বর্তমান কমিটির সিনিয়র সহ-সভাপতি আমিন হেলালী বাণিজ্য মন্ত্রণালয়ে আবেদন পাঠিয়ে নিজেকে এফবিসিসিআই এর ভারপ্রাপ্ত সভাপতি দাবি করেন।

তার ওই দাবি প্রত্যাখ্যান করে বাণিজ্য মন্ত্রণালয় বলেছিল, “সভাপতির পদত্যাগের পরে আমিন হেলালী ভারপ্রাপ্ত সভাপতি হিসেবে নিজেকে দাবি করার পেছনে বোর্ড পুনর্গঠন সংক্রান্ত কোনো তথ্য-প্রমাণাদি উপস্থাপন করা হয়নি এবং তার প্রেরিত পত্রটি তারিখের দিক থেকে ত্রুটিপূর্ণ। সংগঠনটি সার্বিকভাবে পরিচালিত হচ্ছে না, তাই পর্ষদ ভেঙে দেওয়া আবশ্যিক।”

এফবিসিসিআই বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্সপ্রাপ্ত একটি নিবন্ধিত বাণিজ্যিক সংগঠন। এই সংগঠনের কার্যক্রমে অস্থিরতা বা যথাসময় নির্বাচন অনুষ্ঠিত না হওয়ার মতো বিশেষ পরিস্থিতি সৃষ্টি হলে বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৭(১) ধারা অনুযায়ী সরকার ‘ব্যবসা, শিল্প, বাণিজ্য, সেবাখাতের স্বার্থে’ নিবন্ধিত সংগঠনের পর্ষদ ভেঙে দিয়ে প্রশাসক নিয়োগ করতে পারে।



এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচন আগামী ৭ সেপ্টেম্বর

ঢাকা: দেশের শীর্ষ বাণিজ্য সংগঠন দ্য ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এর পরিচালনা পর্ষদ নির্বাচন আগামী ৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। এদিন সব ভোটারের অংশগ্রহণের মাধ্যমে এফবিসিসিআই এর ২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭ মেয়াদের জন্য সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালক নির্বাচিত হবে।

বুধবার (১৮ জুন) এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচন (২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭) এর তফসিল প্রকাশ করেছে এফবিসিসিআই নির্বাচন বোর্ড।

প্রসঙ্গাত, বাণিজ্য সংগঠন আইন ২০২২ এবং সর্বশেষ প্রণীত বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ অনুসরণ করে এফবিসিসিআই এর পরিচালনা পর্ষদ নির্বাচন পরিচালিত হবে। উক্ত বিধিমালায় এফবিসিসিআই এর পরিচালনা পর্ষদের আকার ৮০ থেকে কমিয়ে ৪৬ জনে নামিয়ে আনা হয়েছে। এদের মধ্যে একজন সভাপতি, একজন সিনিয়র সহ-সভাপতি, দুই জন সহ-সভাপতি থাকবেন।

নির্বাচনী তফসিল অনুযায়ী, আগামী ২ জুলাই বিকেল ৫টার মধ্যে সদস্যভুক্ত সব চেম্বার ও অ্যাসোসিয়েশনকে এফবিসিসিআই এর সাধারণ পরিষদের জন্য মনোনীত প্রতিনিধিদের তালিকা প্রেরণ করতে হবে।



এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচন ৭ সেপ্টেম্বর

দেশের শীর্ষ বাণিজ্য সংগঠন ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) পরিচালনা পর্ষদ নির্বাচন আগামী ৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে।

ওইদিন সকল ভোটারদের অংশগ্রহণের মাধ্যমে এফবিসিসিআইয়ের ২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭ মেয়াদের জন্য সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালক নির্বাচিত হবে।

বুধবার (১৮ জুন) এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচনের তফসিল প্রকাশ করেছে এফবিসিসিআই নির্বাচন বোর্ড।

বাণিজ্য সংগঠন আইন ২০২২ এবং সর্বশেষ প্রণীত বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ অনুসরণ করে এফবিসিসিআই এর পরিচালনা পর্ষদ নির্বাচন পরিচালিত হবে।

বিধিমালায় এফবিসিসিআইয়ের পরিচালনা পর্ষদের আকার ৮০ থেকে কমিয়ে ৪৬ জনে নামিয়ে আনা হয়েছে। এরমধ্যে একজন সভাপতি, একজন সিনিয়র সহ-সভাপতি, দুই জন সহ-সভাপতি থাকবেন।

নির্বাচনী তফসিল অনুযায়ী, আগামী ২ জুলাই বিকেল ৫টার মধ্যে সদস্যভুক্ত সকল চেম্বার ও অ্যাসোসিয়েশনকে এফবিসিসিআইয়ের সাধারণ পরিষদের জন্য মনোনীত প্রতিনিধিদের তালিকা প্রেরণ করতে হবে।

বুধবার (১৮ জুন) এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচনের প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ২৬ জুলাই।

সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালক পদের জন্য প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ করা হবে ৮ আগস্ট। তথ্য যাচাই, বাছাই ও বিশ্লেষণ শেষে ১৪ আগস্ট নির্বাচন বোর্ড এসব পদের প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করবে।

কেউ প্রার্থিতা প্রত্যাহার করতে চাইলে ১৬ আগস্ট দুপুর ২টার মধ্যে এ বিষয়ে নির্বাচন বোর্ডকে অবহিত করতে হবে। ওইদিনই এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচনের জন্য প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ করবে নির্বাচন বোর্ড।



৭ সেপ্টেম্বর এফবিসিসিআই নির্বাচন

দেশের শীর্ষ বাণিজ্য সংগঠন দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) পরিচালনা পর্ষদের নির্বাচন আগামী ৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। এদিন ২০২৫-২৬ ও ২০২৬-২৭ মেয়াদের জন্য সংগঠনটির সভাপতি, সিনিয়র সহসভাপতি, সহসভাপতি এবং পরিচালক নির্বাচিত হবে। গতকাল নির্বাচনের তফসিল প্রকাশ করে এফবিসিসিআই নির্বাচন বোর্ড।

বাণিজ্য সংগঠন আইন ২০২২ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ অনুসরণ করে এফবিসিসিআই-এর পরিচালনা পর্ষদ নির্বাচন পরিচালিত হবে। বিধিমালায় পরিচালনা পর্ষদের আকার ৮০ থেকে কমিয়ে ৪৬ জনে নামানো হয়েছে।



এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচন ৭ সেপ্টেম্বর

দেশের শীর্ষ বাণিজ্য সংগঠন ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) পরিচালনা পর্ষদ নির্বাচন আগামী ৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে।

এদিন সকল ভোটারের অংশগ্রহণের মাধ্যমে এফবিসিসিআই এর ২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭ মেয়াদের জন্য সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালক নির্বাচিত হবে।

বুধবার (১৮ জুন) এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচনের তফসিল প্রকাশ করেছে এফবিসিসিআই নির্বাচন বোর্ড।

বাণিজ্য সংগঠন আইন ২০২২ এবং সর্বশেষ প্রণীত বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ অনুসরণ করে এফবিসিসিআই এর পরিচালনা পর্ষদ নির্বাচন পরিচালিত হবে।

বিধিমালায় এফবিসিসিআই'র পরিচালনা পর্ষদের আকার ৮০ থেকে কমিয়ে ৪৬ জনে নামিয়ে আনা হয়েছে। এদের মধ্যে একজন সভাপতি, একজন সিনিয়র সহ-সভাপতি, দুই জন সহ-সভাপতি থাকবেন।

নির্বাচনী তফসিল অনুযায়ী, আগামী ২ জুলাই বিকেল ৫টার মধ্যে সদস্যভুক্ত সকল চেম্বার ও অ্যাসোসিয়েশনকে এফবিসিসিআই এর সাধারণ পরিষদের জন্য মনোনীত প্রতিনিধিদের তালিকা প্রেরণ করতে হবে।

আজকেই এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচনের প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ২৬ জুলাই।

সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালক পদের জন্য প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ করা হবে ৮ আগস্ট। তথ্য যাচাই, বাছাই ও বিশ্লেষণ শেষে ১৪ আগস্ট নির্বাচন বোর্ড এসব পদের প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করবে।

কোন প্রার্থী নিজের প্রার্থীতা প্রত্যাহার করতে চাইলে ১৬ আগস্ট দুপুর ২ টার মধ্যে এ বিষয়ে নির্বাচন বোর্ডকে অবহিত করতে হবে। ঐ দিনই এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচনের জন্য প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ করবে নির্বাচন বোর্ড

এফবিসিসিআই নির্বাচনে ভোট গ্রহণ ৭ সেপ্টেম্বর

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

দীর্ঘ অপেক্ষার পর দেশের শীর্ষ বাণিজ্য সংগঠন দ্য ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) ২০২৫-২০২৭ মেয়াদের পরিচালনা পর্ষদ নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন বোর্ড। তফসিল অনুযায়ী, ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে আগামী ৭ সেপ্টেম্বর। গতকাল বুধবার এ তফসিল ঘোষণা করা হয়।

নির্বাচনে সদস্যভুক্ত চেম্বার ও অ্যাসোসিয়েশনের ভোটারদের মাধ্যমে সভাপতি, সিনিয়র সহসভাপতি, দুজন সহসভাপতি এবং ৪২ জন পরিচালক নির্বাচিত হবেন।

তফসিল অনুযায়ী, আগামী ২ জুলাই বিকেল ৫টার মধ্যে সদস্যভুক্ত সব চেম্বার ও অ্যাসোসিয়েশনকে সাধারণ পরিষদের প্রতিনিধিদের তালিকা পাঠাতে হবে। ১৮ জুলাই প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ এবং ২৬ জুলাই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। এরপর ৮ আগস্ট প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ, ১৪ আগস্ট যাচাই-বাছাই শেষে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।

এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচন ৭ সেপ্টেম্বর

দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)-এর পরিচালনা পর্ষদ নির্বাচন আগামী ৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। এদিন ২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭ মেয়াদের জন্য সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালক পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।

বুধবার (১৮ জুন) এফবিসিসিআই নির্বাচন বোর্ড নির্বাচন তফসিল ঘোষণা করেছে। বাণিজ্য সংগঠন আইন ২০২২ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ অনুযায়ী এই নির্বাচন পরিচালিত হবে। বিধিমালা অনুযায়ী এফবিসিসিআই পরিচালনা পর্ষদের আকার ৮০ থেকে কমিয়ে ৪৬ জনে নামিয়ে আনা হয়েছে। এর মধ্যে একজন সভাপতি, একজন সিনিয়র সহ-সভাপতি এবং দুইজন সহ-সভাপতি থাকবেন।

তফসিল অনুযায়ী, আগামী ২ জুলাই পর্যন্ত সদস্য চেম্বার ও অ্যাসোসিয়েশনগুলোর প্রতিনিধির তালিকা জমা দিতে হবে। ১৮ জুলাই প্রকাশ করা হবে প্রাথমিক ভোটার তালিকা এবং ২৬ জুলাই প্রকাশিত হবে চূড়ান্ত তালিকা। প্রার্থীদের প্রাথমিক তালিকা ৮ আগস্ট প্রকাশিত হবে। যাচাই-বাছাই শেষে ১৪ আগস্ট প্রকাশ করা হবে চূড়ান্ত প্রার্থীতালিকা। ১৬ আগস্ট দুপুর ২টার মধ্যে প্রার্থীতা প্রত্যাহার করা যাবে এবং সেদিনই ঘোষণা করা হবে চূড়ান্ত প্রার্থী তালিকা।



THE FINANCIAL EXPRESS

Dhaka • Thursday • June 19, 2025

Vol XXXII No. 211 • Regd No. DA 1589 • Ashar 5, 1432 BS • Zilhajj 22, 1446 Hijri • 16 Pages Price: Tk 15.00 • thefinancialexpress.com.bd

febdonline    

FBCCI election on Sept 7

FE REPORT

The Federation of Bangladesh Chambers of Commerce and Industry (FBCCI), the country's apex trade body, is set to hold the election to its Board of Directors on September 7.

On the day, voters will elect the president, senior vice-president, two vice-presidents, and other directors of the board for 2025-2026 and 2026-2027 terms.

The FBCCI Election Board officially announced the schedule in a press release on Wednesday.

This year's polls will be conducted under the Trade Organisation Act 2022 and the Trade Organisation Rules 2025.

According to the rules, the size of the FBCCI board has been reduced from 80 to 46 members, a move aimed at streamlining operations and enhancing decision-making efficiency.

sajibur@gmail.com

FBCCI election on Sep 7

STAR BUSINESS REPORT

A committee formed to conduct the polls of the Federation of Bangladesh Chambers of Commerce and Industry (FBCCI) for the 2025-2027 term yesterday announced that voting would be held on September 7.

As per the election schedule, the chambers and association groups which are members of the FBCCI must send the names of persons they have nominated to serve as FBCCI directors to the FBCCI's general council by July 2.

The FBCCI and the election board will publish a preliminary voter list on July 18 and the final list on August 26, the apex trade body said in a statement.

The nominated and elected directors will later elect one president, one senior vice-president, and two vice-presidents from among themselves. This year, the government has reduced the number of FBCCI directors to 46 from 80.

The election board will publish a preliminary list of candidates for president, vice-president, and other director posts on August 8 and the final list on August 14.

The final names of the elected office bearers, including the president, vice-presidents, and directors, will be announced on August 16.

The interim government appointed Md Hafizur Rahman, a member of the Bangladesh Competition Commission and a former additional secretary, as the administrator of the FBCCI in September last year, following the fall of the Awami League government in August 2024.

FBCCI election on Sept 7

Bangladesh Sangbad Sangstha · Dhaka

ELECTION of the Federation of Bangladesh Chambers of Commerce and Industry for the 2025-27 term will be held on September 7.

The election board on Wednesday announced the schedule, said a press release.

As per the election schedule, names of nominated directors from the elected chamber and association groups must be submitted to the FBCCI's general council by July 2.

The FBCCI and the election board will publish the preliminary voter list on July 18, with the final list to follow on August 26.

The nominated and elected directors will later elect one president, one senior vice-president and two

vice-presidents from among themselves. This year, the government has reduced the number of FBCCI directors to 46 from 80.

The election board will publish the primary list of candidates for president, vice-president and other director posts on August 8, followed by the final list on August 14.

The final names of the elected office bearers, including the president, vice-presidents and directors, will be announced on August 16.

The interim government appointed Md Hafizur Rahman, a member of the Bangladesh Competition Commission and former additional secretary, as administrator of the FBCCI in September last year, following fall of the Awami League government in August 2024.

FBCCI election to be held on September 7

Business Correspondent

The election for the Board of Directors of the Federation of Bangladesh Chambers of Commerce and Industry (FBCCI), the country's top trade body, will be held on September 7.

The schedule was officially announced on Wednesday by the FBCCI Election Board through a press release issued by the organisation's Secretary General Md. Alamgir.

The election will determine the President, Senior Vice-President, two Vice-Presidents, and Directors for the 2025-2026 and 2026-2027 terms. This year's election will be held under the Trade Organization Act 2022 and the newly implemented

Trade Organization Rules 2025, which have significantly restructured the board. Under the new rules, the size of the Board has been reduced from 80 to 46 members.

As per the schedule, member chambers and associations must submit their nominated representatives for the General Assembly by 5:00 PM on July 2. The preliminary voter list will be published on July 18, followed by the final voter list on July 26.

The preliminary list of candidates for the top positions will be released on August 8. After completing the verification and scrutiny process, the final list of candidates will be published on August 14.

Candidates wishing to withdraw their nominations must inform the Election Board by 2:00 PM on August 16, after which the final list of contestants will be confirmed and published on the same day.